**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 24-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Assembly:

দুই দিন বিরতির পর আজ থেকে রাজ্য বিধানসভার চলতি বাজেট অধিবেশন পুনরায় শুরু হবে। গত শুক্রবার অধিবেশন শুরু হয়। ওই দিন অর্থ মন্ত্রী প্রনজিত সিংহ রায় ২০২৫-২৬ অর্থ বছরের জন্য ৩২ হাজার ৪২৩ কোটি টাকার বাজেট পেশ করেন। এই বাজেট অধিবেশন আগামী পয়লা এপ্রিল পর্যন্ত চলবে।

*****************

## TSF :

আজ থেকে টিএসএফের প্রস্তাবিত অবস্থান আন্দোলন প্রত্যাহার করে নেওয়া হয়েছে। গতকাল আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে বৈঠকের পর টিএসএফের সাধারণ সম্পাদক হামলু জমাতিয়া এই ঘোষণা দেন। তিনি জানান, রোমান হরফে ককবরক ভাষার দাবির সুরাহার ব্যাপারে মুখ্যমন্ত্রীর কাছ থেকে আশ্বাস পাবার পরিপ্রেক্ষিতে প্রস্তাবিত আন্দোলন আপাততঃ প্রত্যাহার করে নেওয়া হয়েছে।

*****************

## ONION-20% duty slashed :

কেন্দ্রীয় সরকার আগামী পয়লা এপ্রিল থেকে পেঁয়াজ রপ্তানির উপর ২০ শতাংশ শুল্ক প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে। রাজস্ব ও ভোক্তা বিষয়ক অধিদপ্তর থেকে

গতকাল এই মর্মে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রকের হিসেব অনুযায়ী, এ বছর পেঁয়াজ উৎপাদনের পরিমাণ ২২৭ লক্ষ মেট্রিক টন, যা গত বছরের তুলনায় ১৮ শতাংশ বেশি। এই মরশুমে পেঁয়াজ বেশি উৎপাদন হওয়ায় আগামী মাসগুলিতে বাজারে পেঁয়াজের দাম আরও কমবে বলে আশা করা হচ্ছে।

*****************

## CITU :

ত্রিপুরা বিদ্যুৎ কর্মী ইউনিয়ন এবং সিআইটিইউর যৌথ উদ্যোগে গতকাল আগরতলার স্টুডেন্ট হেলথ হোমে বিদ্যুৎ বেসরকারিকরণ বন্ধ করা, স্মার্ট মিটার এবং বিদ্যুৎ নিগমের সমস্ত অনিয়মিত কর্মীদের নিয়মিতকরণের দাবিতে এক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন সিআইটিইউর সর্বভারতীয় সম্পাদক সুদীপ দত্ত। তিনি রাজ্যের বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে প্রাক্তন বিদ্যুৎ মন্ত্রী মানিক দে সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

******************

## OBC Convention:

গতকাল আগরতলা প্রেস ক্লাবে ওবিসি, এসসি, এসটি এন্ড মাইনরিটিজ মঞ্চ-এর উদ্যোগে ওবিসি কনভেনশন এবং ওবিসি ব্যক্তিদের সম্মাননা ও ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সারা ভারত কৃষক সভার রাজ্য সম্পাদক পবিত্র কর। তিনি রাজ্যে ওবিসি সংরক্ষণ আইন কার্যকর করার দাবী জানান।

******************

## Foundation Day:

"বৈদিক ব্রাহ্মন সমাজ" এর দ্বাদশ প্রতিষ্টা দিবস উপলক্ষে গতকাল কৈলাশহর R.G.M হাসপাতালের রোগী ও তাদের পরিজনদের মধ্যে দুধের প্যাকেট ও ফল তুলে দেওয়া হয়। এর আগে কৈলাশহর পাইতুরবাজারস্থিত সংগঠনের কার্যালয় প্রাঙ্গনে বৈদিক পতাকা উত্তোলন, বৈদিক মন্ত্রোচ্চরণ সহ দিবসটির তাৎপর্য ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন অতিথিরা।

*****************

**Basanta Utsab Ramprasad :**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল ডুকলি ব্লকের চৌমুহনী বাজার গ্রামপঞ্চায়েতস্থিত নারায়ণ খামারে ঐতিহ্যবাহী বসন্ত উৎসব উদযাপন করা হয়।P দুর্গাপুর উচ্চবিদ্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল।

*****************

**Basanta Utsab PTC :**

খোয়াই কালচারাল সেলের উদ্যোগে এবং মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় গতকাল খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে বসন্ত উৎসব উদযাপন করা হয়। উৎসবে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

এদিকে রবীন্দ্র পরিষদের বিলোনিয়া শাখার প্রাচী গৃহেও গতকাল বসন্ত উৎসব অনুষ্ঠিত হয়। দক্ষিণ জেলার জেলা শাসক স্মিতা মল এম এস সহ পরিষদের ছাত্র-ছাত্রীরা রবীন্দ্র নৃত্য পরিবেশন করেন।

*****************

**Health Camp South :**

কুষারঘাট তরুণ সংঘের উদ্যোগে গতকাল জোলাইবাড়ি ব্লকের কুষারঘাটের উঁচুইবাড়ি হাইস্কুলে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিভিন্ন রোগের বিশেষজ্ঞ চিকিৎসকরা ২৭৫ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা প্রদান করেন।

*****************

**T-20 Cricket :**

TCA পরিচালিত সমীরন চক্রবর্তী স্মৃতি টি-২০ ক্রিকেটের চারটি কোয়ার্টার ফাইনাল আজ অনুষ্ঠিত হবে। এম বি বি স্টেডিয়ামে দুটি খেলায় ব্লাডমাউথ ক্লাব খেলবে শতদল সংঘের বিরুদ্ধে এবং সংহতি ক্লাব খেলবে স্ফুলিঙ্গ ক্লাবের বিরুদ্ধে। অপরদিকে PTA মাঠে দুটি খেলায় ওল্ড প্লে সেন্টার খেলবে জয়নগর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে এবং হার্ভে ক্লাব খেলবে কসমোপলিটন ক্লাবের বিরুদ্ধে।

*****************

**Body Building :**

গুয়াহাটিতে সরাইঘাট বডি বিল্ডিং চ্যাম্পিয়নশিপ ও মডেল ফিজিক বিভাগে ত্রিপুরার প্রথম মহিলা হিসেবে রীতা নাগ রৌপ্য পদক দখল করেছে। রীতা অনূর্ধ্ব ১৫৫ সেন্টিমিটার বিভাগে দ্বিতীয় স্থান পাওয়ার সুবাদে রৌপ্য পদক পান। এর আগে ফেব্রুয়ারিতে লক্ষ্মৌতে অনুষ্ঠিত ফেডারেশন কাপ বডিবিল্ডিং-এ রীতা স্বর্ণপদক লাভ করেছিলেন।

*****************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ কোথাও কোথাও হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত

হতে পারে। আগতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা থাকবে ২০ ডিগ্রির কাছাকাছি।

*****************

**************